



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/18/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটে ওপিওয়েড চিকিৎসা কর্মসূচীর পরিষেবাগুলি প্রসারিত করার জন্য 1 মিলিয়ন ডলার পর্যন্ত উপলব্ধ বলে ঘোষণা করেছেন

তাদের প্রধান সুবিধার বাইরে অতিরিক্ত অবস্থান প্রতিষ্ঠা করার জন্য বিদ্যমান ওপিওয়েড চিকিৎসার কর্মসূচী প্রদানকারীদের 1 মিলিয়ন ডলার পর্যন্ত প্রদান করা হবে

গভর্নর ক্যাথি হোকল আজ ওপিওড ট্রিটমেন্ট প্রোগ্রাম প্রদানকারীদের জন্য তাদের বর্তমান ফেসিলিটির বাইরে অতিরিক্ত অবস্থান স্থাপনের জন্য 1 মিলিয়ন ডলার পর্যন্ত তহবিল উপলব্ধ বলে ঘোষণা করেছেন। এই উদ্যোগটি এই পরিষেবাগুলিকে বর্তমানে অনুন্নত স্থানে নিয়ে আসতে এবং নিউ ইয়র্ক স্টেট জুড়ে ওপিওয়েড ট্রিটমেন্ট প্রোগ্রাম (Opioid Treatment Program, OTP) পরিষেবাগুলির ক্রমবর্ধমান প্রয়োজনীয়তার মোকাবেলা করতে সহায়তা করার জন্য প্রস্তুত করা হয়েছে।

"আসক্তি এবং ওভারডোজের সংকট আমার এবং আমার পরিবারের জন্য একটি ব্যক্তিগত বিষয়ে। নিউ ইয়র্কবাসী যারা আসক্তির সাথে লড়াই করছেন তাদের জন্য চিকিৎসা সর্বদা অ্যাক্সেসযোগ্য হওয়া উচিত," **গভর্নর হোকল বলেন।** "আমার প্রশাসন চিকিৎসা পরিষেবাগুলি প্রসারিত এবং উন্নত করতে সাহায্য করার জন্য এবং প্রত্যেকে যারা তাদের নিজের কোনো দোষ ছাড়াই পদার্থ ব্যবহারের একটি দুষ্টি চক্রের মধ্যে আটকে আছেন, বন্ধিত এলাকাগুলি সহ, তারা তাদের প্রয়োজন এবং প্রাপ্য সহায়তা পেতে সক্ষম হন তা নিশ্চিত করতে যে সম্পূর্ণরূপে প্রতিশ্রুতিবদ্ধ।"

অফিস অফ অ্যাডিকশন সার্ভিসেস অ্যান্ড সাপোর্টসের (Office of Addiction Services And Supports) কমিশনার চিনাজো কানিংহাম বলেন, "নিউ ইয়র্ক স্টেটে ওপিওয়েড চিকিৎসা কর্মসূচীর দ্বারা প্রদত্ত চিকিৎসা এবং অন্যান্য সংস্থান চলমান ওভারডোজ সংকটের মোকাবেলা এবং জীবন বাঁচানোর জন্য গুরুত্বপূর্ণ। চিকিৎসা নিরাপদ, কার্যকর এবং জীবন-রক্ষাকারী, এবং এই তহবিলের সাহায্যে আমরা রাজ্য জুড়ে আরো বেশি মানুষদের তাদের প্রয়োজনীয় পরিচর্যা অ্যাক্সেস করতে সহায়তা করছি।"

বর্তমানে পরিচালিত OTP প্রদানকারীদের পাঁচ জন পর্যন্ত অতিরিক্ত OTP অবস্থান স্থাপনের জন্য এককালীন 200,000 ডলার পর্যন্ত পাবেন। এই সুবিধাগুলি একটি বিদ্যমান OASAS-প্রত্যয়িত OTP-র অংশ হিসাবে প্রতিষ্ঠিত হয়েছে কিন্তু এগুলি একই স্থানে নয় এবং এগুলির মূল কোন

OTP থেকে ন্যূনতম বা সর্বোচ্চ দূরত্বের আবশ্যিকতা নেই। প্রদত্ত তহবিল ভবন মেরামত এবং রক্ষণাবেক্ষণের জন্য ব্যবহার করা যেতে পারে, যার মধ্যে রয়েছে সংস্কার, চিকিৎসা সংক্রান্ত জিনিসপত্র এবং সরঞ্জাম এবং আসবাবপত্র।

ফেডারেল পদার্থ অপব্যবহার প্রতিরোধ এবং চিকিৎসার ব্লক অনুদান পরিপূরক (Federal Substance Abuse Prevention & Treatment Block Grant Supplemental) পুরস্কারের মাধ্যমে তহবিল সরবরাহ করা হচ্ছে এবং NYS অফিস অফ অ্যাডিকশন সার্ভিসেস অ্যান্ড সাপোর্টস (Office of Addiction Services and Supports) মাধ্যমে পরিচালিত হচ্ছে। এই প্রকল্পের RFA রিপোর্ট এবং অন্যান্য তথ্য [এখানে](#) উপলব্ধ।

রাজ্যের সিনেটর পিটি হার্কহ্যাম বলেন, "আমাদের উচিত পদার্থ অপব্যবহারের ব্যাধির চিকিৎসা প্রসারিত করতে থাকা এবং বাসিন্দাদের, বিশেষ করে যারা আশঙ্কাজনক ওপিওয়েড ওভারডোজের হার সহ বঞ্চিত এলাকাগুলিতে বাস করেন, তাদের নিরাপত্তার প্রতি বাঁধাগুলি অপসারণ করতে থাকা। এই বর্ধিত অর্থায়ন একটি পার্থক্য নিয়ে আসা শুরু করবে, এবং এই বিষয়ে আমি গভর্নর হোকলের অটল নেতৃত্ব এবং সহায়তার কদর করি।"

নিউ ইয়র্ক স্টেট ওভারডোজ মহামারী সমাধান করার জন্য একটি আগ্রাসী, বহুমাত্রিক পথ বেছে নিয়েছে এবং পূর্ণ প্রতিরোধ, চিকিৎসা, ও নিরাময় সেবা সহ আসক্তি পরিচর্যার জন্য দেশের একটি শীর্ষস্থানীয় চিকিৎসার ধারাবাহিকতা তৈরি করেছে। আমরা প্রথাগত সেবার প্রাপ্যতা সম্প্রসারিত করেছি, যার মধ্যে রয়েছে সঙ্কটকালীন সেবা, ইনপেশেন্ট, আউটপেশেন্ট, এবং আবাসিক চিকিৎসা কর্মসূচী, এবং তার সাথে আসক্তির চিকিৎসা এবং ত্রাম্যমান চিকিৎসা, এবং পরিবহন সেবাসমূহ।

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট হেরোইন অ্যান্ড অপিওয়েড টাস্ক ফোর্স (NYS Heroin and Opioid Task Force) এর সদস্য ছিলেন যা 2016 সালে নতুন, প্রথাগত নয় এমন পরিষেবার সুপারিশ করে, যার মধ্যে ছিল নিরাময় কেন্দ্র, তরুণদের ক্লাবহাউস, সম্প্রসারিত পিয়ার পরিষেবা, চিকিৎসা উদ্ভাবনী কেন্দ্র, মাদক ব্যবহারকারীর স্বাস্থ্য এবং 24/7 খোলা থাকে এমন কেন্দ্র, যা তাৎক্ষণিক মূল্যায়ন এবং সেবাপ্রাপ্তির রেফারেল প্রদান করে। পরবর্তীতে এই সেবাগুলি স্টেটের বহু কমিউনিটিতে স্থাপন করা হয়েছে এবং মানুষকে তাদের আবাসস্থলের কাছেই প্রয়োজনীয় সেবা পেতে সহায়তা করেছে।

আসক্তির সমস্যায় আক্রান্ত নিউ ইয়র্কবাসীরা, অথবা যাদের প্রিয়জন সমস্যায় ভুগছেন তারা স্টেটের টোল-ফ্রি, দিনে-24-ঘণ্টা সপ্তাহে-7-দিন খোলা থাকা হোপলাইনে 1-877-8-HOPENY (1-877-846-7369) নম্বরে ফোন করে অথবা HOPENY (শর্ট কোড 467369) লিখে টেক্সট পাঠিয়ে সাহায্য ও আশা খুঁজে নিতে পারেন।

ক্রাইসিস/ডিটক্স, ইনপেশেন্ট, রেসিডেনশিয়াল, বা বহির্বিভাগের রোগীদের সেবা সহ আসক্তি সংক্রান্ত উপলব্ধ চিকিৎসা NYS OASAS চিকিৎসার উপলব্ধতার ড্যাশবোর্ড ব্যবহার করে খুঁজে নেওয়া যাবে FindAddictionTreatment.ny.gov অথবা NYS OASAS ওয়েবসাইটে।

যদি আপনি, অথবা আপনার কোনো প্রিয়জন চিকিৎসার জন্য বিমা সংক্রান্ত প্রতিবন্ধকতার সম্মুখীন হন অথবা কোনো প্রত্যাখ্যাত দাবির জন্য আপিল জমা দেয়ার ক্ষেত্রে সাহায্যের প্রয়োজন হয়, তাহলে 888-614-5400 নম্বরে ফোন করে অথবা ombuds@oasas.ny.gov ঠিকানায় ইমেইল করে CHAMP হটলাইনে যোগাযোগ করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবক্রাইব করুন](#)